



জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা  
১ম সমাবর্তন-২০১৯

১। সমাবর্তনে যারা অংশ গ্রহণ করতে পারবেন :

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শুরু থেকে স্নাতক (সম্মান)/বিবিএ ২০১২-২০১৩ শিক্ষাবর্ষ পর্যন্ত, স্নাতকোত্তর/এমবিএ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ পর্যন্ত এবং এম.ফিল., পিএইচ.ডি. ও সাক্ষ্যকালীন সকল প্রোগ্রামের যে সকল শিক্ষার্থী/গবেষক অন্তত: একটি ডিগ্রি জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে অর্জন করেছেন তারাই সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন।

২। ক'টি ডিগ্রীর সনদের জন্য রেজিস্ট্রেশন করতে পারবেন:

সমাবর্তন -২০১৯ এ অংশ গ্রহণকারী একজন ছাত্র/ছাত্রী শুধুমাত্র একটি ডিগ্রীর সনদের জন্য রেজিস্ট্রেশন করতে পারবেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে একাধিক ডিগ্রী অর্জন করে থাকলে তার সনদ বিশ্ববিদ্যালয়ের বর্তমানে প্রচলিত নিয়ম অনুযায়ী নিতে পারবেন।

৩। সমাবর্তনে অংশ গ্রহণের জন্য আবেদনের সময়সূচি :

সমাবর্তনে অংশগ্রহণের জন্য যোগ্য ডিগ্রিধারীগণকে আগামী ০১/০৩/২০১৯ তারিখ, শুক্রবার, দুপুর ১২.০০ টা থেকে থেকে ৩০/০৪/২০১৯ তারিখ, মঙ্গলবার রাত ১২.০০ টার মধ্যে <http://convocation.jnu.ac.bd> এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবেন।

৪। সমাবর্তনের নিবন্ধন ফি, মূল সনদ ফি ও সার্ভিস চার্জ :

ডিগ্রি	নিবন্ধন ফি* টাকা	মূল সনদ ফি টাকা	সার্ভিস চার্জ টাকা
স্নাতক/বিবিএ (অনার্স/সম্মান)	৩০০০/-	৪০০/-	নিবন্ধন ফি + মূল সনদ ফি এর ১%
স্নাতকোত্তর/এমবিএ (মাস্টার্স/সম্মান)	৪০০০/-	৪০০/-	
এম.ফিল., পিএইচ.ডি.	৪৫০০/-	৪০০/-	
স্নাতকোত্তর (সকল ইভিনিং/এক্সিকিউটিভ) ডিগ্রি	৬০০০/-	৮০০/-	

\*জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে অংশগ্রহণকারীদেরকে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সমাবর্তন গাউন ফেরত দিতে হবে না।

৫। ফি এর পরিমাণ ও প্রদানের পদ্ধতি :

যোগ্য আবেদনকারীকে মোট কত টাকা ফি প্রদান করতে হবে এবং কিভাবে তা প্রদান করতে হবে তা তাঁর প্রদত্ত email ঠিকানায়/মোবাইল ফোনে SMS এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে। নিবন্ধন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি পরবর্তীতে পত্রিকায় বিজ্ঞপ্তি ও উল্লিখিত ওয়েবসাইটের মাধ্যমেও জানানো হবে।

৬। সমাবর্তনের চূড়ান্ত তারিখ :

মহামান্য রাষ্ট্রপতি ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মহোদয়ের সদয় অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে চলতি বছরের নভেম্বর অথবা ডিসেম্বর মাসে অনুষ্ঠিত হবে। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদন প্রাপ্তির পর সমাবর্তনের চূড়ান্ত তারিখ জানানো হবে।

রেজিস্ট্রার  
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা